

বাউবি/প্রশা(সাধা)/প্রঃমন্ত্রী-৩৪(১)/৯৯/২৭৯৭

তারিখ : ০৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান/আঞ্চলিক পরিচালক (সকল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৫।

বিষয়: জাতীয় দক্ষতা প্রতিযোগিতা-২০২১ এ অংশগ্রহণ প্রসঙ্গে।


সূত্র: ০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৯.১৯-৪১১; তারিখ: ১৫/০৯/২০২১

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক আয়োজিত জাতীয় দক্ষতা প্রতিযোগিতা-২০২১ এ অংশগ্রহণ সংক্রান্ত পত্রটি প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

বিষয়টি বাউবি'র সকল শিক্ষক ও শিক্ষার্থীদের-কে অবহিতকরণের জন্য অনুরোধ করা হ'ল।

নির্দেশক্রমে,

  
২০/০২/২১

মোঃ আব্দুল্লাহ আল কাফি  
যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন)

অনুলিপি: সদয় অবগতির জন্য-

১. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি। বিষয়টি বাউবি'র সকল শিক্ষার্থীদের-কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
২. হেড অব আইসিটি, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি। সংযুক্ত পত্রটি বাউবি'র ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল।
৩. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। মাননীয় উপাচার্য-এর সদয় অবগতির জন্য।
৪. একান্ত সচিব, প্রো-উপাচার্য (প্রশাসন)-এর দপ্তর, বাউবি। মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন)-এর সদয় অবগতির জন্য।
৫. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা)-এর সদয় অবগতির জন্য।
৬. একান্ত সচিব, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। মাননীয় ট্রেজারার-এর সদয় অবগতির জন্য।
৮. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংশ্লিষ্ট নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
১১-১২ তলা, বিনিয়োগ ভবন, ই-৬/বি  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.nsd.gov.bd



নং-০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৯.১৯- ৪১১

তারিখঃ ৩১ ডায় ১৪২৮  
১৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ এ অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশসহ ৮৪টি দেশ ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনালের (WSI) সদস্য। ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল প্রতি ২ বছর অন্তর বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করে থাকে। গত ২০১৯ সালে ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন রাশিয়ার কাজানে অনুষ্ঠিত হয় এবং বাংলাদেশ পেটিসরি এন্ড কনফেকশনারী ও ফ্যাশন টেকনোলজি অকুপেশনে অংশগ্রহণ করে। কোভিড-১৯ এর কারণে ২০২১ সালের ৪৬তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আগামী ২০২২ সালে অক্টোবর মাসে চীনের সাংহাইতে অনুষ্ঠিত হবে। ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন সাংহাই-২০২২ এ নিম্নবর্ণিত ১৩ টি অকুপেশনে অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:


- |  |                      |                              |
|--|----------------------|------------------------------|
| (১) পেইন্টিং এন্ড ডেকোরেশন                 | (৬) ওয়েব টেকনোলজিস  | (১১) রেস্টুরেন্ট সার্ভিস     |
| (২) প্লাস্টার এন্ড ড্রাইওয়াল সিস্টেম      | (৭) ক্লাউড কম্পিউটিং | (১২) পেটিসরি এন্ড কনফেকশনারী |
| (৩) ফ্যাশন টেকনোলজি                        | (৮) সাইবার সিকিউরিটি | (১৩) বেকারি                  |
| (৪) প্রিন্ট মিডিয়া টেকনোলজি               | (৯) ওয়েল্ডিং        |                              |
| (৫) আইটি নেটওয়ার্ক সিস্টেম এডমিনিস্ট্রেশন | (১০) কুকিং           |                              |

০২। বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বশর্ত হলো জাতীয় পর্যায়ে দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করা। সে লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ আয়োজন করতে যাচ্ছে। উল্লিখিত ১৩টি অকুপেশনে আবেদনের ক্ষেত্রে ক্লাউড কম্পিউটিং এবং সাইবার সিকিউরিটি অকুপেশনে প্রতিযোগীর বয়স ০১.০১.২০২২ তারিখে সর্বোচ্চ ২৬ বছর। অন্যান্য ১১ টি অকুপেশনে প্রতিযোগীর বয়স ০১.০১.২০২২ তারিখে সর্বোচ্চ ২৩ বছর।

০৩। জাতীয় দক্ষতা প্রতিযোগিতা-২০২১ এ অংশগ্রহণের লক্ষ্যে বর্ণিত ১৩টি পেশায় বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের নিবন্ধন চলছে। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত প্রতিযোগীদের নিয়ে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হবে। জাতীয় প্রতিযোগিতায় ন্যাশনাল চ্যাম্পিয়ন World Skills Competition Shanghai-2022 এ অংশগ্রহণের সুযোগ পাবেন। আবেদনের জন্য <https://form.jotform.com/srmonitoringnsda/national-skills-competition> লিংকে এবং বিস্তারিত তথ্য জানার জন্য [www.nsd.gov.bd](http://www.nsd.gov.bd) ওয়েবসাইট ভিজিট করুন (এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি সংযুক্ত করা হলো)।

০৪। এমতাবস্থায়, সংযুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের অবহিত করা এবং জাতীয় দক্ষতা প্রতিযোগিতায় অকুপেশন ভিত্তিক নির্ধারিত বয়সের ছাত্র-ছাত্রীদের আবেদন করার বিষয়ে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: জাতীয় দক্ষতা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

  
মোঃ নূরুল আমিন

সদস্য (প্রশাসন ও অর্থ)

ফোন: +৮৮০-২৪৪৮২৬৭০২

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। ভাইস চ্যান্সেলর, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ৩। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিং।